আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া

নিয়োগ বিজ্ঞপ্তি

আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজে নিম্নবর্ণিত পদসমূহে যোগ্যতার ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হবে।

ক্রমিক নং	পদের নাম ও বিষয়	পদের সংখ্যা	বেতন ও অন্যান্য সুবিধা	ন্যূনতম যোগ্যতা	মন্তব্য
০১	অধ্যক্ষ	০১ জন	সর্বসাকুল্যে ৮০,০০০/- (আশি হাজার টাকা মাত্র) ও প্রশাসনিক কাজে গাড়ি সুবিধা।	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। শিক্ষা জীবনের কোন ক্ষেত্রে ৩য় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়। এমফিল/পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার প্রদান করা হবে। খ) উচ্চ মাধ্যমিক কলেজের অধ্যক্ষ/ ডিগ্রী কলেজের অধ্যক্ষ/ উপাধ্যক্ষ পদে ন্যূনতম ০৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ২০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। গ) স্বনামধন্য শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যক্ষ হিসেবে ন্যূনতম ০২ বছরের চাকুরীর অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। ঘ) বিজ্ঞপ্তি প্রকাশের দিন ন্যূনতম বয়স ৫৫ বছর। ঙ) কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	পদটি নন এমপিও হওয়ায় নিজস্ব অর্থায়নের বেতন-ভাতাদি প্রদান করা হবে।
০২	শিফট ইনচার্জ (প্রভতি শাখা)	০১ জন	বেতন গ্রেড-১২তম, বেতন স্কেল- ১১৩০০-২৭৩০০/-	ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোন বিষয়ে সম্মানসহ স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী। শিক্ষা জীবনের কোন ক্ষেত্রে ৩য় বিভাগ/ শ্রেণি গ্রহণযোগ্য নয়। খ) সরকারি/ বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক হিসেবে ন্যূনতম ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। গ) বিজ্ঞপ্তি প্রকাশের দিন ন্যূনতম বয়স ৪০ বছর। ঘ) কম্পিউটার ও তথ্য প্রযুক্তিতে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	পদটি নন এমপিও হওয়ায় নিজস্ব অর্থায়নের বেতন-ভাতাদি প্রদান করা হবে।
০৩	প্রদর্শক- পদার্থবিদ্যা	০১ জন	আলোচনা সাপেক্ষে	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি।	বিজ্ঞপ্তি প্রকাশের দিন বয়স সর্বোচ্চ ৩৫ বছর
০৪	প্রাথমিক শাখা: (সহকারী শিক্ষক) বাংলা - গণিত- ইসলাম-	 ০২ জন ০২ জন ০১ জন	আলোচনা সাপেক্ষে	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে সম্মানসহ স্নাতক/ স্নাতকোত্তর ডিগ্রি।	
০৫	মাধ্যমিক শাখা: (সহকারী শিক্ষক) শারীরিক শিক্ষা-	 ০১ জন	আলোচনা সাপেক্ষে	স্বীকৃত বিশ্ববিদ্যালয় বিপিএড-এ ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান)/ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকসহ ন্যূনতম এক বছর মেয়াদী বিপিএড কোর্স।	

অন্যান্য শর্তাবলী:

১। শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষায় ন্যূনতম CGPA 2.50/ ২য় শ্রেণি/ বিভাগ/সমমান থাকতে হবে।

২। আগ্রহী প্রার্থীগণকে জীবন বৃত্তান্তসহ আবেদন পত্রের সাথে সংশ্লিষ্ট সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রঙিন পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং খামের উপরে পদের নামসহ মোবাইল নম্বর উল্লেখপূর্বক ৩০/১১/২০২৬ খ্রিষ্টাব্দ অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ ডাকযোগে সভাপতি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া ও অধিনায়ক (অ্যাডিশনাল ডিআইজি), ৪ এপিবিএন, বগুড়া মহোদয় এর কার্যালয়ে আবেদন পত্র পৌঁছাতে হবে। আবেদনসমূহ যাচাই করে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের লিখিত/ মৌখিক/ ডেমোনেস্ট্রেশন পরীক্ষা গ্রহণের তারিখ ও সময় পরবর্তীতে ফোন/মোবাইলের মাধ্যমে জানানো হবে। স্বাক্ষরবিহীন ত্রুটিপূর্ণ এবং অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৩। ওয়ান ব্যাংক লিমিটেড, বগুড়া শাখায় STD- 0195150595004 নম্বরে ০১ নং পদের জন্য ২০০০/- (দুই হাজার) টাকা (যা অফেরতযোগ্য) ও ০২ থেকে ০৫ নং পদের জন্য ১০০০/- (এক হাজার) টাকা (যা অফেরতযোগ্য) জমার মূল রশিদ/ ব্যাংক ড্রাফট আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করতে পারবেন। সেক্ষেত্রে আবেদনপত্রের সঙ্গে অনুমতি পত্র সংযুক্ত করতে হবে।

৫। যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

৬। প্রতিষ্ঠানের প্রয়োজনে বিজ্ঞাপনে উল্লেখিত পদসমূহের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করা এবং কোন কারণ ছাড়া কর্তৃপক্ষ এই নিয়োগ প্রক্রিয়া বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১৭.১১.২০২৬

অধিনায়ক (অ্যাডিশনাল ডিআইজি)
৪ এপিবিএন, বগুড়া
ও সভাপতি
আর্মড পুলিশ ব্যাটালিয়ন পাবলিক স্কুল ও কলেজ, বগুড়া

bekarsfeed.com